



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার নং - ১৫

১৬ আষাঢ়, ১৪২৯

তারিখঃ -----

৩০ জুন, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**আসন্ন ঈদুল আজহা উপলক্ষে কোরবানিকৃত পশুর চামড়া ক্রয়ের উদ্দেশ্যে  
চামড়া ব্যবসায়ীদের ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

চামড়া শিল্পে ব্যবহৃত কাঁচামালের প্রায় অর্ধেক যোগান আসে প্রতিবছর পবিত্র ঈদুল আজহা উপলক্ষে কোরবানিকৃত পশুর চামড়া থেকে। এ সময় চামড়া ব্যবসায়ীদের নিকট প্রয়োজনীয় অর্থের যোগান নিশ্চিতকরণের মাধ্যমে বৃহত্তর জাতীয় স্বার্থে চামড়া শিল্পের মূল্যবান কাঁচামাল সংরক্ষণের পাশাপাশি চামড়া ক্রয়-বিক্রয় কাজে সরাসরি জড়িত প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে সহায়তা করা আবশ্যিক। তবে চামড়া শিল্পে বিরাজমান সমস্যাসহ কোভিড-১৯ এর দীর্ঘমেয়াদী প্রভাবে ইতোপূর্বে কোরবানিকৃত পশুর কাঁচা চামড়া ক্রয়ের উদ্দেশ্যে বিতরণকৃত বেশ কিছু ঋণ অনাদায়ী রয়েছে মর্মে জানা গিয়েছে।

০২। উপরোক্ত বিষয়াদিসহ নতুনভাবে কোভিড এর সংক্রমণ বৃদ্ধি, বৈশ্বিক যুদ্ধাবস্থা এবং সাম্প্রতিক সময়ে দেশের কয়েকটি এলাকায় সংঘটিত আকস্মিক বন্যা পরিস্থিতি বিবেচনান্তে, চামড়া ব্যবসায়ীদের (কাঁচা চামড়া ক্রয়-বিক্রয়/প্রক্রিয়াজাতকরণের সাথে সংশ্লিষ্ট ট্যানারী শিল্পসহ চামড়া খাতের সকল ব্যবসা প্রতিষ্ঠান/শিল্প) নিকট আসন্ন কোরবানির মৌসুমে প্রয়োজনীয় অর্থের সরবরাহ নিশ্চিতকরণার্থে নিম্নোক্ত নীতিমালা অনুসরণীয় হবে :

(ক) কোরবানিকৃত পশুর চামড়া ক্রয়ের উদ্দেশ্যে ইতোপূর্বে বিতরণকৃত কোন ঋণ/ঋণের অংশবিশেষ খেলাপী হয়ে থাকলে সংশ্লিষ্ট ঋণগ্রহীতার গোড়াউনে স্টক অথবা সহায়ক জামানত থাকা সাপেক্ষে উক্ত খেলাপী ঋণের বিপরীতে ন্যূনতম ২% ডাউন পেইমেন্ট গ্রহণ সাপেক্ষে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে পুনঃতফসিল করা যাবে;

(খ) পুনঃতফসিলিকরণ পরবর্তীতে ব্যাংকিং নিয়মাচার অনুসরণপূর্বক তফসিলি ব্যাংকসমূহ ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণগ্রহীতার সক্ষমতা যাচাই সাপেক্ষে ২০২২ সালে কোরবানিকৃত পশুর কাঁচা চামড়া ক্রয়ের উদ্দেশ্যে ঋণ বিতরণ করতে পারবে;

(গ) ২০২২ সালে কোরবানিকৃত পশুর চামড়া ক্রয়ের উদ্দেশ্যে নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে কোন ধরনের কম্প্রোমাইজড এমাউন্ট আদায় করা যাবে না;

(ঘ) কোরবানিকৃত পশুর কাঁচা চামড়া ক্রয়ের উদ্দেশ্যে বরাদ্দকৃত ঋণের সুষ্ঠু বিতরণ নিশ্চিতকরণসহ তৃণমূল পর্যায়ে চামড়া ক্রয়-বিক্রয় কার্যক্রমে জড়িতদের নিকট পৌঁছে দেওয়ার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

(ঙ) শরীয়াহ ভিত্তিক পরিচালিত ব্যাংকসমূহ উপরোক্ত নীতিমালা অনুসরণ করে বর্ণিত উদ্দেশ্যে বিনিয়োগ করতে পারবে।

০৩। এ সুবিধা ৩১ আগস্ট, ২০২২ পর্যন্ত বলবৎ থাকবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২